

শিক্ষকের ওপর শিক্ষার্থীদের হামলা, পরীক্ষা বন্ধ

সরিষাবাড়ী (জামালপুর) প্রতিনিধি

১১ ডিসেম্বর ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের ময়



সরিষাবাড়ীতে পরীক্ষা চলাকালে পরীক্ষার হলে শিক্ষক রমজান আলীকে মারধর করেছে শিক্ষার্থীরা। এ ঘটনায় মাদ্রাসার প্রায় শতাধিক শিক্ষার্থী পরীক্ষা দিতে পারেনি। গতকাল সকাল সাড়ে ১০টায় উপজেলার পোগলদিঘা ইউনিয়নের পাটাবুগা দাখিল মাদ্রাসায় পরীক্ষা চলাকালে পরীক্ষার হলে এ ঘটনা ঘটে। রমজান আলীকে মারধরের হাত থেকে রক্ষা করতে পরীক্ষার্থীরা চিংকার করলেও মাদ্রাসার সুপার আইয়ুব আলী এগিয়ে আসেননি বলে অভিযোগ রয়েছে। খবর পেয়ে পুলিশ, উপজেলা শিক্ষা কর্মকর্তা মোজাম্মেল হক ও একডেমিক সুপারভাইজর রঞ্জল আমীন বেগ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। এই পরিস্থিতির ইন্দিয়াতা হিসেবে মাদ্রাসার সুপার আইয়ুব আলী ও শরীরচর্চা শিক্ষক একেএম আমিনুল হক এবং মাদ্রাসার অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর সাইফুল ইসলাম জড়িত বলে জানা যায়।

এলাকাবাসী সূত্রে জানা গেছে, পাটাবুগা দাখিল মান্দাসায় সকাল ১০টা থেকে ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিল্প ও সংস্কৃতি বিষয়ে শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা শুরু হয়। মান্দাসার সহকারী শিক্ষক রমজান আলী পরীক্ষার ২ নম্বর কক্ষে সকাল ১০টা থেকে পরীক্ষার দায়িত্ব পালন করছিলেন। হঠাৎ মান্দাসার অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর সাইফুল ইসলামের নবম শ্রেণিতে পড়-য়া ছেলে রাকিবের নেতৃত্বে আল আমীন, শাকিল, সোহান, আপেল, মাহিম এসে রমজান আলীকে মারধর শুরু করে।

মান্দাসার আয়া আঞ্জুমানয়ারা বাঁচাতে গেলে তার মোবাইল নিয়ে নেয় এবং রমজান আলীর মোটরসাইকেল ভাঙ্চুর করে। এ সময় মান্দাসার সুপার আইয়ুব আলী শিক্ষার্থীদের শান্ত না করে তার কক্ষে বসে থাকেন।

এ ব্যাপারে মান্দাসার সুপার আইয়ুব আলী জানান, আমি এ ঘটনার সঙ্গে জড়িত নই। উপজেলার পাটাবুগা দাখিল মান্দাসা ম্যানেজিং কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা শারমিন আকতার জানান, বিষয়টি তদন্ত করে দোষীর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।